বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৪.০১১.১০.২৪(অংশ-১)- ২৪২

তারিখ : ২৭ কার্তিক ১৪৩৩ / ১২ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের "সহকারী জরিপ অফিসার (১১তম গ্রেড)" পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি এবং পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের "সহকারী জরিপ অফিসার (১১তম গ্রেড)"** [বিজ্ঞপ্তি নম্বর (৬১-৬৬)/২০২৪; নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক : ৬৬, তারিখ: ২৮.১১.২০২৪] পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জমাদানকৃত BPSC Form-5A (Applicant's Copy) সহ অন্যান্য কাগজপত্র/তথ্যাদি যাচাই বাছাইয়ান্তে সাময়িকভাবে যোগ্য ০১ (এক) জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

ক্রমিক নম্বর	পদের নাম ও গ্রেড	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	যোগ্য প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর
১	২	৩	৪
১.	**"সহকারী জরিপ অফিসার (১১তম গ্রেড)"**	২৫.১১.২০২৬ সকাল ১০.০০ টা	000958= ০১ জন

২.০ নিম্নলিখিত ২ নম্বর কলামের রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীর প্রার্থিতা ৩ নম্বর কলামে উল্লিখিত Substantive কারণে কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে :

ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থিতা বাতিলের কারণ
১	২	৩
১.	002093= ০১ জন	Applicant's Copy (হার্ড কপি) এবং অন্যান্য কাগজপত্র জমা প্রদান না করায়

৩.০ মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ, BPSC Form-5A (Applicant's Copy), প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ এবং চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪.০ মৌখিক পরীক্ষার দিন প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্রের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। উল্লিখিত কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪.১ BPSC Form-5A (Applicant's Copy) ০২ (দুই) কপি ;
৪.২ প্রবেশপত্র ০২ (দুই) কপি;
৪.৩ শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদসমূহ;
৪.৪ অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে];
৪.৫ বয়স প্রমাণের জন্য শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
৪.৬ বিদেশ হতে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয়/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে];
৪.৭ জাতীয় পরিচয়পত্রের [NID] সত্যায়িত কপি;

ক্রমশ

৪.৮ নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

৪.৯ সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

৪.১০ আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি;

৪.১১ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র;

৪.১২ কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক প্রদত্ত সনদ, শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র, তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন) সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে]; এক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং প্রজ্ঞাপন প্রযোজ্য হবে।

৫.০ **উপরে অনুচ্ছেদ-৪.০ এ বর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূলকপি মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।**

৬.০ প্রত্যেক ডকুমেন্টস এর উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্টস দাখিল করতে ব্যর্থ হলে কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেওয়া হবে না।

৭.০ মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোন কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।

৮.০ মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের ন্যূনতম আধাঘন্টা (৩০ মিনিট) পূর্বে অবশ্যই উপস্থিত হতে হবে।

৯.০ মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১০.০ বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

- **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- **চাকরির ক্ষেত্রে যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।**

২২/১১/২০২৬

মোঃ মাহফুজুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
(চলতি দায়িত্ব)